রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**শনিবার, জুন ৩০, ২০১৮**

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৬ আষাঢ়, ১৪২৫ মোতাবেক ৩০ জুন, ২০১৮

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১৬ আষাঢ়, ১৪২৫ মোতাবেক ৩০ জুন, ২০১৮ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্দ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

## ২০১৮ সনের ২১ নং আইন

## ২০১৮ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু ২০১৮ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০১৮ নামে অভিহিত হইবে।

২। **২০১৭-২০১৮ অর্থবৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ১৫৩৩৯,৮২,৫০,০০০ (পনেরো হাজার তিনশত ঊনচল্লিশ কোটি বিরাশি লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রদান।**—২০১৮ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে যেই সকল ব্যয় উক্ত বৎসরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত **১৫৩৩৯,৮২,৫০,০০০ (পনেরো হাজার তিনশত ঊনচল্লিশ কোটি বিরাশি লক্ষ পঞ্চাশ হাজার)** টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।



মূল্য : টাকা ৪.০০

৩। **নির্দিষ্টকরণ**।—এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০১৮ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

**তফসিল**

(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

(অংকসমূহ হাজার টাকায়)

| মঞ্জুরি নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০২ | প্রধানমন্ত্রীর কার্যালয় | ০ | ৩৩৪৭,৪১,৬২ | ৩৩৪৭,৪১,৬২ |
| ০৫ | জনপ্রশাসন মন্ত্রণালয় | ০ | ৪৭১,৯৬,২১ | ৪৭১,৯৬,২১ |
| | সরকারী কর্ম কমিশন | ৫,৫৪,৪৬ | ০ | ৫,৫৪,৪৬ |
| ১০ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ১১৫০,০০,০০ | ১২,৪২,২৩ | ১১৬২,৪২,২৩ |
| ১২ | বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | ০ | ১১,৮৩,১৮ | ১১,৮৩,১৮ |
| ১৩ | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | ০ | ৫০,৯১,৭৫ | ৫০,৯১,৭৫ |
| ১৫ | পররাষ্ট্র মন্ত্রণালয় | ০ | ২৮,৬০,৩১ | ২৮,৬০,৩১ |
| ১৬ | প্রতিরক্ষা মন্ত্রণালয় | ০ | ৬৫৯,৯৩,৩০ | ৬৫৯,৯৩,৩০ |
| ১৮ | আইন ও বিচার বিভাগ | ০ | ৫৬,৩৩,৮৬ | ৫৬,৩৩,৮৬ |
| ১৯ | জননিরাপত্তা বিভাগ | ০ | ১১০৯,১১,০১ | ১১০৯,১১,০১ |
| ২০ | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ০ | ৪,০১,৮৭ | ৪,০১,৮৭ |
| ২৭ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৫৭,৩৪,৬৩ | ৫৭,৩৪,৬৩ |
| ২৯ | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ০ | ৪৯,৮০,৭৯ | ৪৯,৮০,৭৯ |
| ৩২ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৩১৫,৭৮,৭২ | ৩১৫,৭৮,৭২ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩৪ | স্থানীয় সরকার বিভাগ | ০ | ১৮৬৮,৬০,৯৫ | ১৮৬৮,৬০,৯৫ |
| ৩৫ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | ০ | ৩১১,৫১,৪৯ | ৩১১,৫১,৪৯ |
| ৪২ | ভূমি মন্ত্রণালয় | ০ | ৯১,৬৬,৫৭ | ৯১,৬৬,৫৭ |
| ৪৩ | পানি সম্পদ মন্ত্রণালয় | ০ | ১৯৫,৪৬,৭০ | ১৯৫,৪৬,৭০ |
| ৪৬ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ০ | ১১৮২,৬৪,৫৫ | ১১৮২,৬৪,৫৫ |
| ৪৮ | নৌ-পরিবহন মন্ত্রণালয় | ০ | ১৭৩,৭৭,৩৬ | ১৭৩,৭৭,৩৬ |
| ৫১ | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৯৩,২৩,৭১ | ৯৩,২৩,৭১ |
| ৫২ | বিদ্যুৎ বিভাগ | ০ | ৩৯২৬,১১,৬৪ | ৩৯২৬,১১,৬৪ |
| | সুপ্রীম কোর্ট | ৩,১৩,৭৩ | ০ | ৩,১৩,৭৩ |
| ৬০ | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | ০ | ১৬২,৬১,৮৬ | ১৬২,৬১,৮৬ |
| | **মোট মঞ্জুরি ও বরাদ্দের দাবী** | ১১৫৮,৬৮,১৯ | ১৪১৮১,১৪,৩১ | ১৫৩৩৯,৮২,৫০ |

আ. ই. ম গোলাম কিবরিয়া
দায়িত্বপ্রাপ্ত সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd